# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 01.04.24** **Time: 7.50 P.M.**

---

বিশেষ বিশেষ খবরঃ–

১) কয়েক মিনিটের ঘূর্ণিঝড়ে জলপাইগুড়ির বিস্তীর্ণ এলাকা এখনও লন্ডভন্ড। রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ সেখানকার ক্ষতিগ্রস্ত একাধিক জায়গা ঘুরে দেখেন।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এবং তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় জলপাইগুড়িতে গিয়ে আহতদের পাশে থাকার আশ্বাস দেন।

উত্তরবঙ্গের এই প্রাকৃতিক দুর্যোগ নিয়ে শাসকদল রাজনীতি করছে বলে বিজেপি অভিযোগ করলেও তৃণমূল তা খারিজ করে দিয়েছে।

২) ঝঞ্ঝা বিধ্বস্ত জলপাইগুড়ির ভোটদাতারা যাতে তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ থকে বঞ্চিত না হন নির্বাচন কমিশন তা নিশ্চিত করবে বলে জানিয়েছে।

৩) রাজ্য নির্বাচন দফতরের দুই আধিকারিককে সরিয়ে দেওয়া হল।

৪) মমতা ব্যানার্জী সম্পর্কে অবমাননাকর মন্তব্যের জন্য নির্বাচন কমিশন বর্ধমান-দুর্গাপুর কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষকে ভর্ত্সনা করেছে।

৫) গার্ডেনরীচে বাড়ি ভেঙে পড়ার ঘটনায় ধৃত শেখ রিপনের ১৪ দিনের পুলিশ হেফাজত হয়েছে।

৬) অস্বস্তিকর ঘর্মাক্ত গরমের মধ্যেই দক্ষিণবঙ্গে তাপপ্রবাহের সতর্কতা জারি করল আবহাওয়া দপ্তর।

---

কয়েক মিনিটের ঘূর্ণিঝড়ে জলপাইগুড়ির বিস্তীর্ণ এলাকা এখনও লন্ডভন্ড। রাজ্যপাল সি ভি আনন্দ বোস আজ সেখানকার ক্ষতিগ্রস্ত একাধিক জায়গা ঘুরে দেখেন। সকালেই কলকাতা থেকে বাগডোগরা হয়ে জলপাইগুড়ি পৌঁছনোর পর প্রথমে তিনি জলপাইগুড়ি মেডিকেল কলেজ ও সুপার স্পেশালিটি হাসপাতালে আহতদের দেখতে যান। এরপর ময়নাগুড়ির বার্ণিশ গ্রাম পঞ্চায়েতের ঝড়বিধ্বস্ত এলাকা পরিদর্শন করেন। পরে রাজ্যপাল ক্ষতিগ্রস্তদের সবরকম সহযোগিতার আশ্বাস দেন।

বাইট (রাজ্যপাল)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও জলপাইগুড়িতে সুপার স্পেশালিটি হাসপাতালে আহতদের সঙ্গে কথা বলেন। পরে সাংবাদিকদের কাছে তিনি চিকিৎসক, নার্স ও স্বাস্থ্য কর্মীরা যেভাবে সারা রাত জেগে কাজ

করেছেন, তার ভূয়সী প্রশংসা করেন। একইসঙ্গে উত্তরবঙ্গে চিকিৎসা পরিষেবায় বিভিন্ন ঘাটতির অভিযোগও করেন তিনি।

এদিকে, বিরোধী দলনেতা হাসপাতালে থাকাকালীন আউটডোরের গেট বন্ধ থাকা নিয়ে তৃণমূল কংগ্রেসের শ্রমিক সংগঠন বিক্ষোভ দেখায়। তাদের অভিযোগ, রাজনীতি করার জন্য শুভেন্দু সেখানে গেছেন। তার জন্য রোগীদের সমস্যা হচ্ছে।

তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ জলপাইগুড়ি গেছেন। বাগডোগরা থেকে সড়ক পথে তিনি প্রথমে যান শিলিগুড়ির একটি নার্সিংহোমে। সেখানে ঐ ঝড়ে আহত ১৪ বছরের রোহিত রায় ও আড়াই বছরের পিহু রায়ের চিকিত্সা চলেছে। বাগডোগরা বিমানবন্দরে সাংবাদিকদের কাছে তিনি জাতি, ধর্ম নির্বিশেষ সকলের পাশে দাঁড়ানোর বার্তা দেন। পাশাপাশি বিজেপির সমালোচনা করে অভিষেক বলেন, ২০১৯-এ উত্তরবঙ্গে সবকটি জেলায় ঐ দলের প্রার্থীরা জয়লাভ করলেও তাদের সাংসদরা কখনও মানুষের পাশে থাকেননি।

অন্যদিকে, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্ত আলিপুরদুয়ারে বিভিন্ন  এলাকা পরিদর্শন করেন। গতকালের ঐ ঝড়ে আলিপুরদুয়ারের এক নম্বর ব্লকের চকোয়াখেতি, তপসিখাতা এবং

দু নম্বর ব্লকের কুমারগ্রাম আলিপুরদুয়ার সহ বিভিন্ন এলাকায় চাষবাষের ক্ষতি হয়। ভেঙে পড়ে বড় বড় গাছ। তার আগে গতরাতেই জলপাইগুড়ি মুখ্যমন্ত্রী পৌঁছে যান। আজও তিনি সেখানে ক্ষতিগ্রস্তদের সঙ্গে কথা বলেন।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ আজ মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির সঙ্গে কথা বলে সবধরনের সহায়তার আশ্বাস দিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক পোস্টে তিনি মৃতদের পরিবারের প্রতি সমবেদনা জানিয়ে আহতদের দ্রুত আরোগ্য কামনা করেন।

------------------------

উত্তরবঙ্গে প্রাকৃতিক দুর্যোগ নিয়ে তৃণমূল কংগ্রেস রাজনীতি করছে বলে বিজেপি অভিযোগ করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য শোকসন্তপ্ত পরিবারগুলির প্রতি সমবেদনা জানিয়ে বলেন, প্রধানমন্ত্রী এবিষয়ে তাঁর অবস্থান স্পষ্ট করেছেন এবং স্বরাষ্ট্রমন্ত্রী,  মুখ্যমন্ত্রীর সঙ্গে কথা বলেছেন। বিজেপির স্বেচ্ছাসেবকরাও যথাসাধ্য মানুষের পাশে দাঁড়িয়েছেন। তবে ঘটনাস্থলে মুখ্যমন্ত্রীর আগে পৌঁছনো নিয়ে যেভাবে বিজেপিকে আক্রমণ করা হচ্ছে, তাতে শাসকদলের  অসহিষ্ণু মনোভাব স্পষ্ট। ত্রাণ ও উদ্ধার কাজে রাজ্যের বিপর্যয় মোকাবিলা দপ্তরের ভূমিকা নিয়েও প্রশ্ন তোলেন তিনি।

এদিকে, ঘূর্নিঝড়ে প্রানহানির ঘটনায় গভীর শোক প্রকাশ করেছেন প্রদেশ কংগ্রেস সভাপতি, বহরমপুর কেন্দ্রের কংগ্রেস প্রার্থী অধীররঞ্জন চৌধুরী।  মৃত ও ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে পর্যাপ্ত সাহায্য দিতে রাজ্য সরকারের কাছে আবেদন জানান তিনি।

------------------------

ঝঞ্ঝা বিধ্বস্ত জলপাইগুড়ির ভোটদাতারা যাতে তাঁদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ থেকে বঞ্চিত না হন নির্বাচন কমিশন তা সুনিশ্চিত করবে বলে জানিয়েছে। প্রাকৃতিক দুর্যোগের কারণে যে সব ভোটদাতাদের সচিত্র পরিচয় পত্র সহ অন্যান্য নথি হারিয়ে গেছে বা নষ্ট হয়ে গেছে তাঁরা ভোটার স্লিপ দেখিয়েই ভোট দিতে পারবেন। ভোটার তালিকায় নাম থাকলেই তাঁরা ভোট দেওয়ার সুযোগ পাবেন বলে নির্বাচন কমিশনের তরফে জানানো হয়েছে।

অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন, জলপাইগুড়িতে গতকালের ঝড়ে ১১ টি নির্বাচনী বুথ ক্ষতিগ্রস্ত হয়েছে, সেগুলি মেরামতির কাজ শুরু হয়েছে বলে অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী জানিয়েছেন। তবে আলিপুরদুয়ারে এই ঝড়ে বিশেষ কোনো ক্ষয়ক্ষতি হয়নি।

উল্লেখ্য, লোকসভা নির্বাচনের প্রথম দফায় আগামী ১৯ এপ্রিল কোচবিহার, আলিপুরদুয়ার ও জলপাইগুড়িতে ভোট নেওয়া হবে।

এদিকে, বিধ্বংসী ঝড়ে কোচবিহারের ২ নম্বর ব্লকের মরিচবাড়ি খোলটা এলাকায় ক্ষতিগ্রস্থ হয়েছে। গৃহহীন একাধিক পরিবার। ঐ এলাকা আজ পরিদর্শন করেন জেলাশাসক অরবিন্দ কুমার মিনা। দুর্গতদের সবরকম সাহায্যের আশ্বাস দিয়েছেন তিনি। মাথাভাঙা এক নম্বর ব্লকের শিকারপুর, কুর্শামারি, এলংমারি সহ বিভিন্ন এলাকায় দুশোর বেশি ঘরবাড়ি ক্ষতিগ্রস্ত।

-----------------------

রাজ্য নির্বাচন দফতরের দুই আধিকারিককে সরিয়ে দেওয়া হল। রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অমিত রায় চৌধুরী এবং যুগ্ম মুখ্য নির্বাচনী আধিকারিক রাহুল নাথ কে তাঁদের দায়িত্ব থেকে সরিয়ে দেওয়া হল বলে নির্বাচন কমিশন আজ এক নির্দেশিকায় জানিয়েছে।

-----------------------

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী সম্পর্কে অবমাননাকর মন্তব্য করার জন্য নির্বাচন কমিশন বর্ধমান – দুর্গাপুর লোকসভা কেন্দ্রের বিজেপি প্রার্থী দিলীপ ঘোষকে ভর্ৎসনা করেছে। এব্যাপারে তাঁকে পাঠানো শোকজ নোটিশ ও তার জবাব পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনার পর কমিশন বলেছে, মুখ্যমন্ত্রীকে শ্রী ঘোষ নিম্নমানের ব্যক্তিগত আক্রমণ করে আদর্শ আচরণবিধি লঙ্ঘন করেছেন। এই বিধি বলবৎ থাকাকালীন প্রকাশ্যে মন্তব্য করার সময় সতর্ক থাকার জন্য কঠোরভাবে তাঁকে হুঁশিয়ারী দিয়েছে কমিশন। মেদিনীপুরের বিদায়ী সাংসদকে পাঠানো চিঠির কপি, দলের সর্ব ভারতীয় সভাপতি জেপি নাড্ডাকেও পাঠানো হয়েছে।

এদিকে, বিজেপি প্রার্থী কঙ্গনা রানাওয়াতকে নিয়ে কুরুচিকর মন্তব্যের জন্য কংগ্রেস নেত্রী সুপ্রিয়া শ্রীনতেকেও সতর্ক করেছে কমিশন।

-----------------------

বিজেপি শাসকদল তৃণমূল কংগ্রেসের বিরুদ্ধে একাধিক বিধি ভঙ্গের অভিযোগ জানিয়েছে। কলকাতায় আজ বিজেপি নেতা শিশির বাজোরিয়ার নেতৃত্বে এক প্রতিনিধি দল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের কাছে এই দাবি জানান। পরে এক সাংবাদিক বৈঠকে শ্রী বাজোরিয়া বলেন,নির্বাচন কমিশনের নিয়ম অনুযায়ী প্রতিটি দলের হোর্ডিং লাগাবার অধিকার রয়েছে। তবে কলকাতা শহরের বিভিন্ন জায়গায় শুধুমাত্র শাসক দল তৃণমূল

কংগ্রেসের হোর্ডিং রয়েছে। তিনি আরো জানান, বসিরহাটের বিজেপি প্রার্থী রেখা পাত্রর ব্যাংক একাউন্ট নম্বর সহ ব্যক্তিগত নথি তৃণমূল কংগ্রেসের কাছে কিভাবে পৌঁছেছে সে বিষয়ে তারা তদন্তের দাবি জানিয়েছেন। অন্যদিকে যাদবপুর লোকসভা কেন্দ্রে শাসকদলের নির্বাচনী প্রস্তুতি সভায় তৃণমূল কংগ্রেসের এক বিধায়ক যেভাবে ভোটের সময় হিংসা ছড়ানোর জন্য দলীয় কর্মীদের নির্দেশ দিয়েছেন সে বিষয়েও অবিলম্বে ব্যবস্থা নেওয়ার দাবি জানানো হয়েছে।

------------------------

উত্তরবঙ্গে তাদের বিধায়ক উদয়ন গুহর উপরে হামলা সহ বিভিন্ন ক্ষেত্রে নির্বাচনী আদর্শ আচরণবিধি ভঙ্গের কথা বলে তৃণমূল কংগ্রেসও আজ বিজেপির বিরুদ্ধে নির্বাচন কমিশনে অভিযোগ জানিয়েছে। দলের সাংসদ ডেরেক ও ব্রায়ান এর নেতৃত্বে চার সদস্যের এক প্রতিনিধি দল আজ নতুন দিল্লিতে কমিশনের সদর কার্যালয়ে গিয়ে এই অভিযোগ জানিয়ে চিঠি দিয়েছেন বলে দলীয় সূত্রে জানা গিয়েছে।

------------------------

রেশন দুর্নীতি কাণ্ডে ধৃত শেখ শাহজাহানকে আজ বসিরহাট উপ-সংশোধনাগার থেকে ইডির বিশেষ আদালতে তোলা হলে ১৩ই এপ্রিল পর্যন্ত ইডি হেফাজতের নির্দেশ দেন বিচারক। গত শনিবার বসিরহাট জেলে গিয়ে সাড়ে চার ঘন্টারও বেশী সময় ধরে জিজ্ঞাসাবাদের পর তাকে গ্রেপ্তার করে ইডি। আদালতে আজ ইডি জানায় ভেড়ি ব্যবসার আড়ালে কালো টাকা সাদা করত শাহজাহান। আদিবাসীদের জমি দখল করে টাকার বিনিময়ে সেই জমি অন্যদের ব্যবহার করতে দিত সে। সন্দেশখালিতে শাহজাহান সিন্ডিকেট চালাত বলেও ইডি আধিকারিকদের দাবি।

এদিকে, রেশন দুর্নীতি কান্ডে ধৃত বনগাঁ পুরসভার প্রাক্তন চেয়ারম্যান শঙ্কর আঢ্য ঘনিষ্ঠ ব্যবসায়ী বাবলু দাসের জয়পুরের বাড়িতে আজ ইডি আধিকারিকরা উপস্থিত হন। সঙ্গে ছিলেন কেন্দ্রীয় বাহিনীর জওয়ানরা। বাবলু সেসময় বাড়িতে ছিলেন না। তার ব্যবসা সংক্রান্ত বিষয়ে পরিবারের সদস্যদের জিজ্ঞাসাবাদ করে ইডি। অর্থপাচার সংক্রান্ত মামলায় তাদের একটি নোটিশও দেওয়া হয়েছে বলে খবর। ঘন্টাখানেক পর তাঁরা সেখান থেকে বেরিয়ে যান।

------------------------

গার্ডেনরীচ বাড়ি ভেঙ্গে পড়ার ঘটনায় আরো একজনকে গ্রেপ্তার করা হয়েছে। শেখ রিপন নামে ওই লেবার কন্ট্রাকটরকে গতরাতে পুলিশ গ্রেপ্তার করে। তাকে আজ ব্যাঙ্ক শাল আদালতে তোলা হলে ১৪ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দেন বিচারক। এই নিয়ে এই ঘটনায় মোট তিন জনকে গ্রেপ্তার করা হলো। এর আগে পুলিশ জমির মালিক ও প্রমোটারকে ধরে। ওই ঘটনায় মৃত্যু হয় ১২ জনের। আহত হন আরও অনেক।

------------------------

অস্বস্তিকর ঘর্মাক্ত গরমের মধ্যেই দক্ষিণবঙ্গে তাপপ্রবাহের সতর্কতা জারি করল আবহাওয়া দপ্তর। পশ্চিমের জেলাগুলিতে দিনের সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের চার থেকে পাঁচ ডিগ্রি সেলসিয়াস ওপরে উঠতে পারে। অন্যান্য জেলার ক্ষেত্রে তা হবে দুই থেকে চার ডিগ্রি। বুধ থেকে শুক্রবার পর্যন্ত পুরুলিয়া, বাঁকুড়া, পশ্চিম বর্ধমান, পশ্চিম মেদিনীপুর ও ঝাড়গ্রাম জেলায় তাপপ্রবাহের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দপ্তর। বাদবাকি জেলায় থাকবে অস্বস্তিকর গরম।

এদিকে, কলকাতায় আজ সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৭ দশমিক ১ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের তুলনায় ৩ ডিগ্রি বেশি।

------------------------ ------------------------